ঝিনাইদহে ফেন্সিডিলসহ নারী মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহে ফেন্সিডিলসহ বিউটি খাতুন (৩৫) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ। শনিবার রাতে শহরের বাইপাস সড়কে ঢাকাগামী জেআর পরিবহনের একটি বাসে তল্লাশি চালিয়ে ফেন্সিডিলসহ তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত বিউটি খাতুন চুয়াডাঙ্গা দর্শনার মোহাম্মদপুর গ্রামের রনির স্ত্রী।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, শনিবার রাতে কোটচাদপুর থেকে বিউটি খাতুন জেআর পরিবহনে ফেন্সিডিল নিয়ে ঢাকা যাচ্ছিল এমন সংবাদের ভিত্তিতে শহরের বাইপাস সড়কে চেকপোষ্ট বসায় পুলিশ। এসময় ওই পরিবহনে তল্লাশি চালিয়ে বিউটি খাতুনের কাছে থাকা ব্যাগ থেকে ৪৬ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

অজ্ঞানের ডাক্তার সিজার করায় ঝিনাইদহ কেয়ার হাসপাতালে এক প্রসূতি মায়ের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার নগর বাতান গ্রামের সাইফুলের স্ত্রী ইয়াসমিনের প্রসব বেদনা শুরু হলে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি হয়। ঝিনাইদহ সদর হাসপাতালে প্রসূতি মায়ের সিজার হবে না এই মর্মে সরকারি হাসপাতালের ক্লিনিকের দালালের সহযোগিতায় ঝিনাইদহ ট্রাক টার্মিনালের পূর্ব পাঁশে অবস্থিত কেয়ার হাসপাতালে ২৫ হাজার টাকার চুক্তিতে ভর্তি করে।

এই মর্মে ঝিনাইদহ সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ অপূর্ব কুমারের সহযোগিতায় ঝিনাইদহ সদর হাসপাতালের সাবেক সুপারিন্টন অজ্ঞানের ডাঃ আয়ুব আলী ২৭ জুন বিকাল সাড়ে ৩ টার দিকে

কেয়ার হাসপাতালে সিজার করে দুইটি জমক সন্তান প্রসব করায়। রুগীর স্বজনদের অভিযোগ ইয়াসমিন সিজারের সময় অপারেশন থিয়েটারেই মারা যায়। বিষয় টা গোপন করে রুগীকে এ্যাম্বুলেন্স ভাড়া করে যশোর পাঠায়। যাহাতে তার বলতে পারে যে রুগী উন্নত চিকিৎসার জন্য অন্যত্র পাঠানর সময় মাঝ পথে মারা গিয়াছে। প্রসূতি মায়ের দুটি জময সন্তান একটি মেয়ে ও একটি ছেলে। তারা সুস্থ আছে। জানা যায় ৪ বছর আগে ঝিনাইদহ সুরাট ইউনিয়নের হামদহ ডাঙ্গা গ্রামের ইসলাম মিয়ার মেয়ে ইয়াসমিনের বিয়ে হয় নগর বাতান গ্রামের সাইফুলের সাথে।

উল্লেখ্য কেয়ার হাসপাতালের মালিক ডাঃ অপূর্ব কুমার ঝিনাইদহ সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার। যার কারনে প্রতিদিন হাসপাতাল চলাকালিন সময়ে তাকে হাসপাতাল থেকে ৪/ ৫ বার কেয়ার হাসপাতালে ছুটতে দেখা যায়। তাছাড়া কেয়ার হাসপাতালের ম্যানেজার ঝিনাইদহ সদর হাসপাতালে বহিঃ বিভাগের টিকিট সেল করে থাকে।

জানা যায় এর আগে গত ২১ সেপ্টেম্বর ২০১৯ সালে কোর্টপাড়ার নুর আলমের স্ত্রী বিথি খাতুনকে সিজার করাতে ঝিনাইদহ কেয়ার হসপিটালে ভর্তি করা হয়। কিন্তু সিজার করার পরে দুই দিন ধরে ব্লিডিং হতে থাকে এই অবস্থায় রোগিকে ডায়াবেটিকস হসপিটাল থেকে ডায়ালাইসিস করানোর চেষ্টা করে। অবশেষে রোগির কোন পরিবর্তন না হলে তাকে ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন এবং খরচ বাবদ ডাক্তার রুগীকে ১৫হাজার টাকা দেয়। রুগীর অবস্থা বেশি খারাপ দেখা দিলে ফরিদপুর থেকে রুগীকে ঢাকায় নিয়ে যেতে বলে কিন্তু রুগীর সামর্থ না থাকায় তারা রুগীকে খুলনা গাজি প্রাঃ হাসপাতালে চিকিৎসা করাতে থাকেন। এভাবে দীর্ঘ ১মাস যাবৎ চিকিৎসা চলার পরে রুগীর মৃত্যু হয়

পূর্বের ঘটনার মত ইয়াসমিন মারা যাওয়ার পর এই ঘটনা ধামা চাপা দেওয়ার জন্য ঝিনাইদহে প্রভাব শালীদের ধর পাকর করছে বলে জানা গেছে।

এই প্রসঙ্গে ডাঃ আয়ুব আলীর সাথে কথা বললে সে বলে যে আমি যখন হরিনাকুন্ডুতে ছিলাম সেই সময়ে গাইনি হিসাবে কাজ করতাম। তাছাড়া আমার ১ বছরের গাইনি কোর্স করা আছে। ঝিনাইদহের বিভিন্ন হাসপাতালে প্রতিদিন প্রসুতি সিজার করে থাকি। যাহা খোঁজ করলেই জানা যাবে।

ঝিনাইদহ জেলা সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম বলেন যে আমি জানি আয়ুর আলী অজ্ঞানের ডাক্তার সে কি ভাবে সিজার করছে তা আমার জানা

নেই। আমি ভাল ভাবে জেনে বিষয়টা আপনাদের অবগত করব।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মিজানুর রহমান বলেন যে আমি শুনেছি যে ঝিনাইদহের কেয়ার হাসপাতালে একজন প্রসুতির মৃত্যু হয়েছে। তবে এখন পর্যন্ত কেউ কোন অভিযোগ নিয়ে আসেনি। যদি অভিযোগ আসে তাহলে আইন গত ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে মহাসড়ক থেকে চাঁদাবাজির অভিযোগে ২ জন গ্রেফতার

ঝিনাইদহে মহাসড়ক থেকে চাঁদাবাজির অভিযোগে ২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার রাতে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের ডাকবাংলা এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত জাহাঙ্গীর আলম সদর উপজেলার বাদ-পুকুরিয়া গ্রামের মনু মিয়ার ছেলে ও তারা মিয়া একই উপজেলার বাটিকাডাঙ্গা গ্রামের চান্দু মিয়ার ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, সদর উপজেলার ডাকবাংলা ত্রী-মহনি এলাকায় রাস্তায় গাড়ি ঠেকিয়ে শ্রমিকদের নামে চাঁদা তোলা হচ্ছে এমন একটি লিখিত অভিযোগে দেয় ভোলা জেলার শহীদ নামে এক ট্রাক ড্রাইভার। তিনি আরো জানান, পুলিশ সুপার হাসানুজ্জামানের নির্দেশনা মোতাবেক রাতে অভিযান চালানো হয়। এসময় হাতে নাতে জাহাঙ্গীর আলম ও তারা মিয়া নামের ২ জনকে গ্রেফতার করা হয়। পালিয়ে যায় আরও ২ জন। গ্রেফতারকৃতদের আদালতে পাঠানো হয়েছে।

ঝিনাইদহ ট্রাক চাপায় শিশু নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় রিমা খাতুন (৮) নামে এক শিশু নিহত হয়েছে। শনিবার সকাল ৯ টার দিকে যশোর-ঝিনাইদহ সড়কের বলিদাপাড়া নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত রিমা খাতুন বলিদাপাড়া প্রাথমিক বিদ্যলয়ের ৩য় শ্রেনীর ছাত্রী একই গ্রামের লিটন হোসেনের মেয়ে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, শনিবার সকাল ৯টার দিকে যশোর-ঝিনাইদহ সড়কের পাশেই দাঁড়িয়েছিল রিমা। দ্রুত গতিতে আসা যশোরগামী একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে রিমাকে চাপা দিয়ে রাস্তার পাশে পড়ে যায়। এতে ঘটনাস্থলেই মারা যায় শিশু রিমা।

কালীগঞ্জ ফায়ার সার্ভিস ও ডিফেন্স সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে সড়ক দুর্ঘটনায় নিহত শিশু রিমার মৃতদেহ উদ্ধার করে।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মুহা: মাহফুজুর রহমান মিয়া ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

কোটচাঁদপুরে কিন্ডারগার্ডেন শিক্ষকদের মাঝে এমপি চঞ্চলের অর্থ প্রদান

দেশের করোনা প্রতিরোধে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় মানবতার জীবন-যাপন করছেন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা। মানুষ গড়ার এইসব কারিগরদের দুঃখ-কষ্টের কথা ভেবে তাদের পাশে এসে দাড়ালেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

গতকাল বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর রেইনবো ইন্সটিটিউট অ্যান

এলিমেন্ট্রি স্কুলে ১’শ ২৯জন শিক্ষদের মাঝে তিনি নগদ অর্থ প্রদান করেন।

রেইনবো ইন্সটিটিউট অ্যান এলিমেন্ট্রি স্কুলের সভাপতি নাজনীন হাফিজার সভাপতিত্বে এবং প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা পরিচালক ও প্রিন্সিপাল মোঃ শাহজান আলীর পরিচালনায় অর্থ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, স্থানীয় জাতীয় সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা আ.লীগের সিনিয়র সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক সামাউল হক লাড্ডু, পৌর আ.লীগের যুগ্ন-আহ্বায়ক শহিদুজ্জামান সেলিম, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, আ.লীগ নেত্রী রুবিনা রহমান সহ প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা।

অনুষ্ঠানে কোটচাঁদপুর উপজেলার ১৯টি কিন্ডারগার্ডেন শিক্ষা প্রতিষ্ঠানের ১’শ ১৪ জন ও মহেশপুর উপজেলার ১টি কিন্ডারগার্ডেন শিক্ষা প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষদের মাঝে এই নগদ অর্থ প্রদান করা হয়।

ঝিনাইদহে বিদ্যুৎ স্পৃষ্টে কৃষকের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার সুরাট ইউনিয়নের বাগডাঙ্গা গ্রামে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে লতাফত হোসেন (৫৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকালে এ দূর্ঘটনা ঘটে। নিহত লতাফত হোসেন ওই গ্রামের মৃত ছোরাফ হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, কৃষক লতাফত হোসেন সকালে ওই গ্রামের মাঠে কাজ করতে যায়। সে একটু বিশ্রাম নিতে মাঠের মধ্যে অবস্থিত জাহিদ হাসানের পোল্ট্রির খামারে অবস্থান করে। সেসময় পোল্ট্রির খামারে বিদ্যুতের সংযোগ থাকায় বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই তিনি

মারা যান। পরে নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

এব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

ঝিনাইদহে ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে চালক নিহত

ঝিনাইদহ-যশোর মহাসড়কের বিষয়খালী খড়িখালী নামক স্থানে বালু ভর্তি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে আক্তারুল ইসলাম
(২১) নামের এক ট্রাক চালক নিহত হয়েছেন। বৃহস্পতিবার ভোর রাতে এ ঘটনা ঘটে। নিহত আক্তারুল যশোরের বাঘারপাড়া উপজেলার পুকুরিয়া গ্রামের ইমারত হোসেনের ছেলে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার দিলীপ কুমার জানান, বালু ভর্তি ট্রাকটি ঝিনাইদহ থেকে যশোরের উদ্যেশ্যে যাচ্ছিল। পতিমধ্যে সদর উপজেলার বিষয়খালী এলাকার খড়িখালী নামক স্থানে পৌছালে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা একটি গাছে সজোরে ধাক্কা লাগে। এসময় ট্রাক চালক আক্তারুল ইসলাম ঘটনাস্থলে নিহত হয়।

এব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

কোটচাঁদপুরে মাদক সেবনের দায়ে

৩ যুবককে কারাদন্ড

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক সেবনের দায়ে ৩ যুবককে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড ও ১’শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত । রবিবার (২১জুন) সন্ধায় এ রায় প্রদান করেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা।

দন্ডপ্রাপ্তরা হলেন পৌর শহরের পোষ্ট অফিস পাড়ার মোঃ জাবেদ আলীর ছেলে ইমরান (১৮), একই এলাকার সিরাজুল ইসলামের ছেলে সুমন
(২৫) ও বিহারীর পাড়ার আমজাদ হোসেনের ছেলে ইশতিয়াক মোহাম্মদ (২২)।

এর আগে পৌর শহরের হলপাড়ার একটি বাগান থেকে মাদক সেবনের দায়ে তাদেরকে আটক করে কোটচাঁদপুর পৌর ফাঁড়ী ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটন ও এস.আই আব্দুস সাত্তারসহ সঙ্গীয় ফোর্স।

কোটচাঁদপুরে গর্ভবতী মায়েদের চিকিৎসা সেবায় সেনাবাহিনীর মেডিকেল ক্যাম্পেইন অনুষ্ঠিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে এবং একই সাথে কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে গর্ভবতী ও প্রসুতি মায়েদের চিকিৎসা সেবা সহজলভ্য করতে সারাদেশে মেডিকেল ক্যাম্পেইন পরিচালনা করছে বাংলাদেশ সেনাবাহিনী।

এরই ধারাবাহিকতায় ঝিনাইদহের কোটচাঁদপুরে গর্ভবতী মায়েদের চিকিৎসা সেবায় সেনাবাহিনীর ৫৫ পদাতিক ডিভিশন, যশোর অঞ্চলের সার্বিক তও¦◌াবধানে মেডিকেল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২২জুন) কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে পরিচালিত ক্যাম্পেইনে সেনাবাহিনীর নিজস্ব ও স্থানীয় প্রশাসনের

অভিজ্ঞ চিকিৎসকগণ তিন শতাধীক গর্ভবতী মায়েদের প্রয়োজনীয় পরার্মশ ও ঔষুধ বিতরণ করা হয়।

সেনাসদস্যরা করোনাভাইরাস প্রতিরোধে মেডিকেল ক্যাম্পেইনে সর্বোচ্চ স্বাস্থ্যবিধি অনুসরণ করে সেনাবাহিনীর ৫ জন ও কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ৩ জন চিকিৎসক এই চিকিৎসা সেবা প্রদান করেন। গর্ভবতী ও প্রসুতি মায়েদের চিকিৎসা সেবা ছাড়াও তাদের মধ্যে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৫৫ পদাতিক ডিভিশনের ৮৮ পদাতিক ব্রিগেট কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল এবিএম ফয়সাল বাতেন পিএসসি। এসময় উপস্থিত ছিলেন, ২ ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাসির উদ্দিন আহমেদ পিএসসি, এডিএমএস আলমগির, কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম প্রমূখ। ক্যাম্পেইন শেষে বর্তমান করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সেনাবাহিনীর পক্ষ থেকে উপস্থিত সকলকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়।

ঝিনাইদহে ডাবল মার্ডারের এজাহারভুক্ত ৬ আসামী গ্রেফতার

ঝিনাইদহ সদর উপজেলা হরিশংকরপুর গ্রামের দু গ্রুপের সংঘর্ষে নিহত ডাবল মার্ডারের এজাহারভুক্ত পলাতক ৬ আসামী গ্রেফতার করা হয়েছে। আটককৃতরা হলেন হরিশংকরপুর গ্রামের আব্দুল মালেক মিয়া ছেলে লতা মিয়া (৬৩) , কাজী আবুল হোসেনের ছেলে খালেক (৬১) ও কাজী মোসলেম উদ্দিন(৬৪) মৃত তোজাম শেখের ছেলে তোরাপ শেখ(৪৫) অমৃত আফিল উদ্দীনের ছেলে আজমত শেখ (৬৫)। ও আতিয়ার রহমানের ছেলে দোকানদার জুয়েল রানা(২৭)।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে মাগুরা, কুষ্টিয়া ও শৈলকুপা থেকে পলাতক ৬ আসামীকে গ্রেফতার করা হয়।